
দৈনিক ইনকিলাব

15 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৪




*এশিয়ান ইউনিভার্সিটির ওরিয়েন্টেশনে প্রধান অতিথির বক্তৃতা করেন ভিসি প্রফেসর আবুল হাসান মুহম্মদ সাদেক*

# এশিয়ান ইউনিভার্সিটির ওরিয়েন্টেশন প্রোগ্রাম

**প্রেস বিজ্ঞপ্তি :** এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর ফল সেমিস্টার ২০০২-এ ভর্তিকৃত ৩৫০ জন নবাগত ছাত্র-ছাত্রীর ওরিয়েন্টেশন গত ১৩ ও ১৪ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের উত্তরাস্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবুল হাসান মুহম্মদ সাদেক বিশ্ববিদ্যালয়ের দ্বৈত পদ্ধতিসহ যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা, শিক্ষার উপযুক্ত পরিবেশ, উন্নত নৈতিক চরিত্র গঠনে সহায়ক সিলেবাস এবং ছাত্র-ছাত্রীদের নিয়মানুবর্তীতার উপর বিস্তারিত আলোচনা করেন। এশিয়ান ইউনিভার্সিটিকে দেশের বৃহত্তম বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসেবে উল্লেখ করে তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয় তিনটি লক্ষ্য নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে– (ক) অল্প খরচে উন্নত শিক্ষা প্রদান (খ) অধুনিক শিক্ষায় শিক্ষিত নবীন এবং অভিজ্ঞতাসম্পন্ন প্রবীণ শিক্ষক দ্বারা শিক্ষাদান এবং (গ) ৪০ হাজার বই সমৃদ্ধ পাঠাগার হতে প্রতিটি ছাত্রকে প্রতি সেমিস্টারের জন্য সম্পূর্ণ বই সরবরাহ করা। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ট্রেজারার মোঃ নূরুল হোসাইন, রেজিস্ট্রার জিয়াউদ্দিন আহমেদ, প্রফেসর ড. এম এন সরকার, প্রফেসর ড. আবদুল আউয়াল খান ও এশিয়ান ইনস্টিটিউট-এর পরিচালক মোঃ ফরিদ উদ্দিন খান।